কা'ব বিন মালেক রাযি. -এর ঘটনা থেকে শিক্ষা

শায়খ আবু আব্দুল্লাহ উসামা রহ.

কা'ব বিন মালেক রাযি. এর
ঘটনা থেকে শিক্ষা

শাiqL Ave Ave`jvn Dmvgv in.

পরিবেশনায়

অর্পণ

যারা যুগের জাহিলিয়াতের কাছে নতিস্বীকার না করে আল্লাহ, আল্লাহর রাসূল ও আল্লাহর পথে জিহাদকে পিতা-মাতা, ছেলে-মেয়ে, ভাই-বোন, স্বামী/স্ত্রী, আত্মীয়-স্বজন, উপার্জিত ধন-সম্পদ, ব্যবসা-বাণিজ্য ও ঘর-বাড়ীর চেয়ে অধিক ভলোবেসে সাহাবায়ে কেরামের মত মুসলিম হবার পথে এগিয়ে চলেছেন, তাঁদের বরকতময় হাতে।

হযরত কা'ব ইবনে মালিক রাযি. বর্ণিত হাদীসের শিক্ষা

সকল প্রশংসা আল্লাহ তাআলারই জন্য। আমরা তাঁরই প্রশংসা করি কেবল তাঁরই কাছে সাহায্য চাই এবং তাঁরই নিকট ক্ষমা পার্থনা করি। আমরা নিজেদের নফসের যাবতীয় অনিষ্টতা এবং নিজেদের আমলসমূহের সকল খারাবী থেকে আল্লাহর আশ্রয় গ্রহণ করি। যাকে আল্লাহ হেদায়েত দেন তাকে কেউ পথভ্রষ্ট করতে পারেনা এবং যাকে তিনি পথভ্রষ্ট করেন তার জন্য কোন পথ প্রদর্শনকারী থাকে না। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সা. তাঁর বান্দা এবং রাসূল।

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ﴾

'হে মুমিন গণ! তোমরা আল্লাহকে যথাযথভাবে ভয় কর এবং তোমরা আত্মসমর্পন কারী না হয়ে কোন অবস্থায় মৃত্যু বরণ কর না'। -সূরা আল ইমরান: **১০২**

উম্মাহর বর্তমান বেদনাময় চিত্র

আজকে আমাদের আলোচনার বিষয় বস্তু হচ্ছে- মুসলিম উম্মাহর বর্তমান দুরাবস্থা। সকলেই জানেন যে, কাফেরদের আগ্রাসন, তাগুতের কর্তৃত্ব এবং পবিত্র ভূমিগুলোর উপর তাদের দখলদারিত্বের ফলে এ উম্মাহ আজ বিপদগ্রস্থ। ফিলিস্তীনের উপর নাসারা তারপর ইহুদীদের দখলদারিত্ব আট দশকের বেশী সময় অতিবাহিত হয়ে গেছে। এমনিভাবে আমেরিকার নেতৃত্বে পবিত্র ভূমি মক্কা মদীনার দেশে ক্রুসেডারদের দখলদারিত্বের দশ বছরের (লেখক যখন বইটি লিখেছেন এটা তখনকরা কথা, এখন আরো বেশী সময় অতিক্রম হয়েছে) অধিক কাল অতিবাহিত হয়ে গেছে, ! ولاحول ولاقوة إلا بالله। এতসব সীমাহীন মুসীবত ও বিপদ আপদ সত্ত্বেও মানুষ এখনো পর্যন্ত উদাসীন হয়ে আছে এবং দীনের সাহায্যের জন্য কোন পদক্ষেপ নিচ্ছে না। সুতরাং আমরা আল্লাহরই কাছে ফরিয়াদ করি আর শক্তি ও সামর্থের মালিক তো শুধু আল্লাহ তাআলাই।

অপরদিকে অপব্যখ্যাকারীর সংখ্যাও অনেক বেড়ে গেছে। যারা অসংখ্য মনগড়া দলীল দিয়ে জিহাদ ছেড়ে বসে থাকা বৈধ করে নিয়েছে। ফলস্বরুপ, সত্য দ্বীনের কটাক্ষ করা হচ্ছে এবং দয়াময় রহমানের শরীয়াহকে জীবনাচার থেকে দূর করে দেয়া হয়েছে। বান্দাদের উপর তাদের রবের জীবন-বিধান কোথাও বাস্তবায়ন হচ্ছে না। মানুষের জীবনাচার শরীয়াহর বিধান থেকে মুক্ত করে দেয়া হয়েছে। কিন্তু অধিকাংশ মানুষ এ লাঞ্চনা ও অপমানকে দূর করার ক্ষেত্রে নবী কারীম সা.-এর মানহাজ ও কর্মপদ্ধতি থেকে হাজার মাইল দূরে পড়ে রয়েছে।

সাহাবায়ে কেরামগণের আদর্শই মুক্তির পথ

সুতরাং দ্বীন বিজয়ের সঠিক কর্ম পদ্বতি বুঝার সর্বোত্তম উপায় হল, আমরা আমাদের আসলাফদের বরকতময় যুগের স্মৃতিগুলো আলোচনা করবো এবং দেখবো যে, সাহাবায়ে কেরাম রাযি. এর জীবনাচার কেমন ছিল ? তাহলে ইনশাআল্লাহ সত্য মিথ্যা থেকে সম্পূর্ণ আলাদা হয়ে আমাদের সামনে স্পষ্ট হয়ে উঠবে।

হযরত কা'ব বিন মালিক রাযি. এর শিক্ষনীয় ঘটনা

আমি সাহাবায়ে কেরাম রাযি. এর পূণ্যময় সীরাতের মাঝে গভীর ভাবে লক্ষ করেছি। তখন এ বিষয়ে দৃষ্টান্ত হিসাবে হযরত কা'ব বিন মালিক রাযি. এর হাদীসকে অধিক সুস্পষ্ট পেয়েছি। এ হাদীসটি সহীহাইন (বুখারী ও মুসলিম) ছাড়াও হাদীসের অন্যান্য কিতাবে বর্ণিত হয়েছে। এ সুদীর্ঘ হাদীসে এই মহান সাহাবী রাযি. নিজের মানবীয় স্বভাব ও দুর্বলতার কথা অকপটে স্বীকার করেছেন। মিথ্যা কসমকারীদের মত কোন ধরণের অনর্থক ও বানোয়াট কাহিনীর আশ্রয় নেন নি। সুতরাং আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার ক্রোধ সেসব বানোয়াট ও মিথ্যা প্রলাপকারীর উপরই পতিত হয়েছে। আল্লাহ তাআলা তাদের ব্যাপারে এমন কঠোর শব্দ ব্যবহার করেছেন যা অন্য কারো ব্যাপারে ব্যবহার করেন নি।

আসুন! নিজের নফসের চিকিৎসা করি

আসুন আমরা সত্য ও স্পষ্ট ভাষণের মূর্ত প্রতীক এ শব্দগুলো একটু দেখি। তাহলে আমরা সেসব লোকদের স্বভাব প্রকৃতি বুঝতে পারব যারা জিহাদ ছেড়ে বসে আছে। সাথে সাথে আত্মসংশোধনের চেষ্টা করতে পারব এবং মুজাহিদীন, আলেম-উলামা ও নিজেদেরকে উপদেশ দিতে পারব। আল্লাহ তাআলার কাছে দোয়া করি যে, তিনি যেন আমাদেরকে এর উপর সর্বোত্তম আমলের তাওফীক দান করেন !

হযরত কা'ব রাযি. এর মর্যাদা

কা'ব বিন মালিক রাযি. এ হাদীস তাবুক যুদ্ধের প্রসঙ্গে বর্ণনা করেন। তিনি এ যুদ্ধে 'যাচ্ছি করে' আর যেতে পারেননি। অথচ তিনি পূর্ববর্তী অগ্রগামী আনসারদের অন্তর্ভুক্ত ছিলেন এবং সেই মহান লোকদের একজন ছিলেন যারা 'বাইয়াতে আকাবা' এর দিন রাসূলুল্লাহ সা.-এর বরকতময় হাতে বাইআত করার সৌভাগ্য লাভ করে ছিলেন। এটা সেই মহান বাইআত যার উপর ভিত্তি করে আল্লাহর অনুগ্রহে মদীনা মুনাওয়ারায় ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা লাভ করেছে। আমরাও তো সেই বরকতময় ফলসমূহের একটি ফল।

হযরত কা'ব রাযি. বলেন, রাসূল সা. যে সকল যুদ্ধ করেছেন তার মধ্যে তাবুকের যুদ্ধেই আমি তাঁর পিছনে রয়ে গিয়ে ছিলাম (অংশ গ্রহণ করতে পারিনি)। তবে বদর যুদ্ধেও শরীক হতে পারিনি। কিন্তু বদর যুদ্ধে যারা শরীক হয়নি তাঁদেরকে তিনি তিরস্কার করেন নি। অর্থাৎ, তিনি বীর বাহাদুর ছিলেন। বদর ব্যতীত রাসূল সা. এর সঙ্গে সকল যুদ্ধে শরীক ছিলেন, এবং তিনি তাদের একজন ছিলেন, যারা রণাঙ্গনে বীরত্বের সাথে লড়াই করত এবং দীনের জন্য স্বীয় কুরবানী পেশ করত।

সৎ লোকদেরকে জিহাদ থেকে ফিরিয়ে রাখার জন্য নফসের চক্রান্ত

তবে মানুষ, মানুষই। কখনো শয়তান পথভ্রষ্ট করে আবার কোন কোন ক্ষেত্রে সে নিজে দুর্বল হয়ে পড়ে এবং তার নফস তাকে প্রতারণায় ফেলে দেয়। সাইয়্যেদুনা কা'ব বিন মালিক রাযি. এই বিষয়টিকে স্পষ্ট ভাবে বর্ণনা করেন।

তিনি বলেন, 'রাসূলুল্লাহ সা. এমন সময় যুদ্ধের ডাক দিলেন যখন গরমের মৌসুম যৌবন কাল অতিক্রম করছিল। এবং লোকেরা অধিকাংশ সময় খেজুর বৃক্ষের ছায়ায় সময় কাটাত। খেজুর পরিপক্ক হয়ে পাকতে শুরু করেছিল।'

তিনি বলেন, 'আমি এই ঠান্ডা ছায়া এবং ফলের প্রতি বেশ আকৃষ্ট ছিলাম।' এই হল মানবীয় আত্মার সেই ভয়ানক প্রতারণা যার উপস্থিতি আমরা ঐ মহান ব্যক্তিদের মাঝেও দেখতে পাই (রাযিয়াল্লাহু আনহুম আজমাঈন)। সুতরাং যদি এ মহান ব্যক্তিদের মাঝে (জিহাদ থেকে) পিছিয়ে থাকার ব্যাপারে নফসানী প্রতারনা কাজ করতে পারে যাদের ঈমানের সাক্ষ্য স্বয়ং আল্লাহ তাআলা দিয়েছেন, তাহলে আজকে কিছু ভালো মানুষ জিহাদ না করলে কেনই বা আশ্চর্য লাগবে?

বুখারী ও মুসলিমের এ হাদীস সুস্পষ্টভাবে আমাদেরকে বলছে যে, ঐ মহান ব্যক্তিরাও (জিহাদ থেকে) পিছনে রয়ে গিয়েছিলেন, যারা আমাদের চেয়ে এবং আজকের ঐ ভালো লোকদের তুলনায় অনেক অনেক বেশী মর্যাদাবান ছিলেন।

হযরত কা'ব রাযি. বলেন, 'লোকেরা (তাবুক যুদ্ধের) প্রস্তুতি গ্রহণ করতে লাগল। আমিও আমার প্রস্তুতির চিন্তা করলাম কিন্তু প্রথম দিন অতিবাহিত হয়ে গেল আমি কোন প্রস্তুতি নিলাম না। আমি মনে মনে ভাবলাম যে, আগামীকাল প্রস্তুতি নিয়ে নিব, কিন্তু পরের দিনও কোন প্রস্তুতি নিতে পারলাম না। অতপর আমি ভাবলাম যে, (কোন ব্যাপার না!) আমি এখনো সহজেই তাদের সাথে মিলিত হওয়ার সক্ষমতা রাখি।'

লক্ষ্য করুন ! নফস কিভাবে মানুষকে প্রতারণায় ফেলে দেয়। যেহেতু তিনি জিহাদে অভ্যস্ত ছিলেন এজন্য নফস তাকে একথা বুঝিয়েছে যে, জিহাদের প্রস্তুতি গ্রহণ তো আপনার জন্য সাধারণ ব্যাপার, আপনি এখনো সহজেই বের হওয়ার সক্ষমতা রাখেন।

তিনি বলেন, 'আমি এই (দোদুল্যমান) অবস্থায়ই ছিলাম, অপরদিকে বাহিনী রওয়ানা হয়ে গেছে। এবং মর্যাদা ও মহত্বের বাহক সে কাফেলা গন্তব্য অভিমুখে রওয়ানা হয়ে গেছে। যার সেনা প্রধান ছিলেন স্বয়ং রাসূলুল্লাহ সা.। তাঁর সফর সঙ্গী ছিলেন হযরত আবু বকর রাযি., হযরত উমর রাযি. এবং অন্যান্য মহান সাহাবীগণ।' অধিকাংশ ঐতিহাসিকদের মতে, এ সেনা বাহিনীর সদস্য সংখ্যা ত্রিশ হাজারের কাছা কাছি ছিল।

এক্ষেত্রে সকল মুসলমানকে নফসের ধোঁকার ব্যাপারে সর্তক থাকতে হবে। কারণ দীনের সাহায্য ছেড়ে কত লোকই না ঘরে বসে আছে। যাদেরকে নফস এই ধোঁকায় ফেলে রেখেছে যে, সে ইচ্ছা করলেই জিহাদে বের হতে পারবে। অথবা তার পিতা, তার অভিভাবক বা তার মুরব্বি চাইলেই সে বের হতে পারবে। কিন্তু এই মুহূর্তে বের না হওয়াই ইসলামের জন্য মাসলাহাত ও কল্যাণ।

অথচ এটা বাস্তব কথা নয়। শুধু তাদের ধারণা মাত্র। আর নিঃসন্দেহে সৎ ও পূণ্য কাজের ক্ষমতা এবং মন্দ কাজ থেকে বাঁচার তাওফীক শুধু আল্লাহ তাআলার পক্ষ থেকেই আসে।

বিলাসিতা ও নফসের ধোকা থেকে নির্ভয়তা

সুতরাং এ মহান ব্যক্তিকে তাঁর নফস ধোকায় ফেলে দিয়েছে। অথচ তিনি বহুবার নিজেকে যুদ্ধ এবং রণাঙ্গনে পরখ করে দেখেছেন। আর আনসারগণ তো এমনিতেও যুদ্ধবাজ লোক ছিলেন; যুদ্ধ-বিগ্রহের বৈশিষ্ট তাঁরা বংশ পরম্পরায় লাভ করেছিলেন। কিন্তু তা সত্ত্বেও তাঁর নফস তাঁকে ধোকায় ফেলে দিল। অতএব, নিজেরাই চিন্তা করুন, যখন তাঁদের (সাহাবাদের) ক্ষেত্রে এমনটা ঘটেছে, তাহলে সেসব লোকদের পরিণতি কী হতে পারে যারা কখনো আল্লাহর পথে লড়াইয়ের জন্য বের হয়নি ? এমন লোকদের নফসের ধোকায় পড়ে থাকা কি আরো সহজ ব্যাপার নয়? তাদের (সাহাবীদের) জীবন তো এমনিতেও দুঃখ-কষ্টে ভরা ছিল! না বিদ্যুৎ ছিল, না ছিল অন্য কোন ভোগসামগ্রী। শুধু মাত্র খেজুর পরিপক্ক হওয়ার উপক্রম ছিল। এ বিষয়টিই তাকে অলস বানিয়েছিল। জিহাদ থেকে বিরত রেখেছিল।

তাহলে সেসব লোক কিভাবে নফসের ফাঁদে পা দিয়ে নিশ্চিন্তে বসে থাকতে পারে যাদের কাছে ভোগ-বিলাসের সামগ্রী ভরপুর। এমনকি তারা বৈধতার সীমা পেরিয়ে বিলাসিতার সীমায় অনুপ্রবেশ করে ফেলেছে! একটু নিজের মনকে জিজ্ঞাসা করুন ! কিভাবে সম্ভব যে, এমন লোক নফসের ধোকা থেকে বেঁচে যাবে। তবে আল্লাহ যাকে রক্ষা করতে চান তার কথা ভিন্ন।

মোট কথা, অন্য সকল সাহাবীগণ বের হয়ে পড়লেন। এবং হযরত কা'ব রাযি. থেকে এই ত্রুটি হয়ে গেল। তিনি দীনের সাহায্য থেকে পিছনে রয়ে গেলেন।

বিষয়টি অনুধাবন করা প্রয়োজন

প্রচন্ড গরমের মৌসুম ছিল, অন্য এক বর্ণনায় হযরত উমর রাযি. এই গরমের প্রচন্ডতার বর্ণনা দিতে গিয়ে বলেন,

'আমাদের কেউ যখন তার বাহনের নিকট যেত তখন তার কাছে মনে হত যে, বাতাসের প্রবাহ বন্ধ হওয়া এবং গরমের তীব্রতার কারণে তার গর্দান নিচের দিকে ঝুকে পড়ছে।'

এমন মুর্হুতে অভ্যাস অনুযায়ী দুনিয়াদাররা ঐসব কথাই বলেছে যা আজও তারা বলে থাকে।

কুরআনে হাকীম তাদের একথা বর্ণনা করেছে,

﴿ وَقَالُوا لَا تَنْفِرُوا فِي الْحَرِّ ﴾

এবং তারা বলতে লাগল যে, (এমন প্রচন্ড) গরমে অভিযানে যেও না।

কিন্তু আল্লাহ তাআলা তাদের জবাবে এর চেয়ে বড় বাস্তবতা উল্যেখ করেছেন,

﴿ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا لَوْ كَانُوا يَفْقَهُونَ ﴾

বলে দিন, জাহান্নামের আগুন এর চেয়ে অধিক গরম ! হায়! তারা যদি একথা বুঝত। সূরা তাওবা: ৮

এ দুনিয়াদাররা তো রাসূল সা. এর হাদীস শুনত। নবী কারীম সা. এর খুতবাতে উপস্থিত হত এবং ভাল করেই জানত যে, নবী কারীম সা. কী বলছেন। নবী কারীম সা. তাদের সাথে তাদের ভাষায়ই কথা বলতেন। কিন্তু আল্লাহ তাআলা তারপরও বলছেন যে, হায় যদি তারা একথার মর্ম বুঝত! কেন? কেননা, প্রকৃত বুঝ অন্তরের অনুধাবন এবং ভয়কে বলা হয়। এই প্রকৃত বুঝ থেকে তারা বঞ্চিত ছিল। বাহ্যিক ভাবে তো একথাগুলোর পূর্ণ জ্ঞান তাদের ছিল। কিন্তু যদি তারা প্রকৃত বুঝ রাখত, তাহলে একথা বিশ্বাস করত যে, জাহান্নামের আগুন দুনিয়ার এই গরম এবং কষ্ট থেকে প্রচন্ড তীব্র।

আজ আমাদের ভাইদেরকে কী বলা হয়? তাদের একথা বলা হয় যে, যখন তোমরা জিহাদের ময়দান থেকে ফিরে আসবে তখন 'বেত্রাঘাত' তোমাদের জন্য অপেক্ষা করবে। এবং তাগুতী কয়েদখানার চাবুক গুলো অনেক শক্ত হয়ে থাকে ! তাদের কাছে বলা হয় যে, বিভিন্ন গোয়েন্দা এজেন্সী তোমাদের পিছনে লেগে থাকবে ইত্যাদি ইত্যাদি।
আমরাও তাদেরকে এ কথাই বলবো যে,

﴿ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا لَوْ كَانُوا يَفْقَهُونَ ﴾

অর্থাৎ, জাহান্নামের আগুন এর চেয়ে প্রচন্ড তীব্র গরম ! হায় যদি তারা এ কথার বুঝ রাখত। -সূরা তাওবা: ৮

আল্লাহ তাআলার কাছে দোয়া করি যে, তিনি আমাদের সবাইকে সহীহ ইলম এবং বুঝশক্তি দান করুন !

এসব নির্বোধদের জন্য কি আমরা জান্নাত ছেড়ে দিব

এ জীবন তো কয়েক দিনের খেলা মাত্র। সুতরাং আমরা কি এসব লোকদের কথার কারণে আমাদের পালনকর্তার জান্নাত ছেড়ে দিব? আল্লাহর কসম! এটা হতে পারেনা ! যার এই বিশ্বাস আছে যে, মৃত্যুর সময় নির্ধারিত, সেটার আগপিছু হওয়ার কোন সম্ভাবনা নেই এবং যার এই নিশ্চিত বিশ্বাস আছে যে, রিযিকের পরিমাণ নির্ধারিত। যার মঝে কমবেশি করণের কোন সুযোগ নেই। সে এসব কথা কখনো মনে নিবেনা। এক হাদীসে নবী কারীম সা. সাইয়্যেদুনা আব্দুল্লাহ ইবনে আব্বাস রাযি. কে বললেন,

كُنْتُ خَلْفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لِي, يَا غُلَامُ إِنِّي أُعَلِّمُكَ كَلِمَاتٍ, احْفَظِ اللَّهَ يَحْفَظْكَ ، احْفَظِ اللَّهَ تَجِدْهُ تُجَاهَكَ ، إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللَّهَ ، وَإِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنْ بِاللَّهِ ، وَاعْلَمْ أَنَّ الْأُمَّةَ لَو اجْتَمَعَتْ عَلَى أَنْ يَنْفَعُوكَ بِشَيْءٍ ، لَمْ يَنْفَعُوكَ إِلَّا بِشَيْءٍ قَدْ كَتَبَهُ اللَّهُ لَكَ ، وَإِنِ اجْتَمَعُوا عَلَى أَنْ يَضُرُّوكَ بِشَيْءٍ ، لَمْ يَضُرُّوكَ إِلَّا بِشَيْءٍ قَدْ كَتَبَهُ اللَّهُ عَلَيْكَ ، رُفِعَتِ الْأَقْلَامُ وَجَفَّتِ الصُّحُفُ.

'হে বৎস ! আমি তোমাকে কয়েকটি কথা শিক্ষা দিচ্ছি, আল্লাহর বিধানাবলীর হেফাজত করো আল্লাহ তোমাকে হেফাজত করবেন। আল্লাহর হক সমূহের হেফাজত করো, তাঁকে তোমার সামনে পাবে। যখন কিছু চাইবে আল্লাহর কাছেই চাইবে ! এবং যখন সাহায্য কামনা করবে আল্লাহ তাআলার কাছেই কামনা করবে ! এবং মনে রেখ! যদি সকল মানবজাতি মিলেও তোমার কোন উপকার করতে চায় তাহলে তারা তোমার কোন উপকার করতে পারবেনা। তবে ততটুকুই পারবে যা আল্লাহ তোমার ব্যাপারে লিখে দিয়েছেন। এবং তারা সবাই মিলেও যদি তোমার ক্ষতি করতে চায় তাহলে তারা

তোমার কোন ক্ষতি করতে পারবেনা। তবে যতটুকু আল্লাহ তোমার জন্য লিখে দিয়েছেন। কলম তুলে নেওয়া হয়েছে এবং লিখিত কাগজসমূহ শুকিয়ে গেছে।' -সুনানে তিরমিযী: ২৪৪০

ইলমের সাথে সাথে আমলও শিক্ষা দিন

এই হাদীস আজও মুসলিমদের শিক্ষা দেওয়া হয়। আজও এই শব্দেই পাঠ করা হয়। এটা আমাদের উপর আল্লাহ তাআলার বিশেষ অনুগ্রহ। কিন্তু মুসলিম যুব সমাজের দরকার এ হাদীসের শিক্ষার সাথে তার বাস্তব প্রশিক্ষন। এবং দরকার لا اله إلا الله এর দাবীকে প্রকাশ্যে ঘোষনার শিক্ষা দান। তবেই সমস্যার সমাধান চুড়ান্ত হবে। আর যদি ইলম মোতাবেক আমল না কর। তবে এই ইলম তোমার বিপক্ষে যাবে। ইলমের দুইটি উদ্দেশ্য, ১- ইলম অর্জন ২- তার উপর আমল। আমলের ফল হল, আল্লাহর ভয়। ইলমের ফল নবীর দেখানো পন্থায় আমল।

যদি আমি চলেই যেতাম!

অবশেষে বাহিনী রওয়ানা হয়ে গেল। হযরত কা'ব রাযি. বলেন,

'আমি এখন তাদের সাথে গিয়ে মিলিত হতে চাচ্ছিলাম, কিন্তু আমার জন্য তা আর সম্ভব হয় নি।'

ঐ মুহূর্তে তার অন্তর থেকে এই 'আহ' শব্দ বের হল, " يليتني فعلت " 'হায় আমি যদি চলেই যেতাম !'

এ মহান ও মুবারক যুদ্ধ, রাসূলুল্লাহ সা. এর সর্বশেষ যুদ্ধ ছিল। এই প্রেক্ষাপটের কারণে তাতে অংশ গ্রহণের এ মহান সুযোগ তাঁর হাত ছাড়া হয়ে গেল। যার কারণে তিনি বলেন, 'হায় যদি আমি চলেই যেতাম ! '

সুতরাং হে আল্লাহর বান্দাগণ ! নিজের সুস্থতা, অবসর এবং যৌবনকে গনীমত মনে করুন। এই তো জান্নাতের ময়দান আপনাদের সামনে উন্মুক্ত পড়ে রয়েছে। এক সহীহ হাদীসে রাসূল সা. বলেন,

إِنَّ أَبْوَابَ الْجَنَّةِ تَحْتَ ظِلَالِ السُّيُوفِ

'নিশ্চয়ই জান্নাতের দরজাসমূহ তরবারীর ছায়াতলে।' -মুসলিম

ইলমের ব্যাপারে সালাফদের রীতি

যখন হযরত আবু মূসা আশআ'রী রাযি. উপরে উল্লেখিত হাদীস বর্ণনা করলেন তখন এক ব্যক্তি সামনে অগ্রসর হয়ে তাঁকে জিজ্ঞেস করলেন, হে আবু মূসা ! আপনি কি নিজে রাসূল সা. কে একথা বলতে শুনেছেন ?

একটু এই লোকদের বুঝের দিকে দৃষ্টি নিবদ্ধ করুন ! তাঁরা ইলমকে শুধু আমলের জন্য অর্জন করতে চাইতেন, শুধু ইলমের আধিক্যের জন্য নয়। যাতে সেই ইলম তাদের বিপক্ষে না দাঁড়ায়। ইলমের সাথে আমল আবশ্যক, তাই হাদীসের সঠিকতার উপর নিশ্চিত হওয়ার জন্য তিনি জিজ্ঞেস করলেন, 'আপনি কি নিজে রাসূল সা. কে একথা বলতে শুনেছেন?'

হযরত আবু মূসা রাযি. বললেন, 'হ্যাঁ'

এটা শুনে সেই ব্যক্তি তার সম্প্রদায়ের নিকট গিয়ে, বিদায়ী সালাম জানালো এবং নিজের তরবারীর খাপ ভেঙ্গে ফেলে ময়দানে চলে গেল। এবং লড়াই করতে করতে শাহাদাত বরণ করল। আল্লাহ তাআলা তাঁদের উপর অগণিত করুণা বর্ষণ করুন। লক্ষ্য করুন! এই হল সাহাবায়ে কেরাম এবং আমাদের আসলাফদের কর্মনীতি।

হযরত কা'ব রাযি. বলেন, يليتني فعلت 'হায়! আমি যদি চলেই যেতাম'।

হে আল্লাহর বান্দাগণ! এখনও আপনাদের সুযোগ আছে, আপনারা জিহাদের ডাকে সাড়া দিয়ে সত্যের সাহায্যে বেরিয়ে পড়ুন। এমন যেন না হয় যে, একসময় আপনাকেও এই আফসোস করতে হয়, 'হায়, আমি যদি চলেই যেতাম !'

জিহাদের পথের পবিত্র ধূলিকনা

এক বর্ণনায় রয়েছে যে, একজন নেককার আলেম মৃত্যু শয্যায় ছিলেন। তখন তাঁর চোখ থেকে অশ্রু গড়িয়ে পড়ছিল। অথচ তিনি তাকওয়া এবং ইলমে মানুষের মাঝে শ্রেষ্ঠতর ব্যক্তি ছিলেন। তাকে জিজ্ঞাসা কর হল, আপনি কেন কাঁদছেন? তখন তিনি তার পদযুগলের দিকে তাকিয়ে জবাব দিলেন, 'এজন্য কাঁদছি যে, আমি যে এই কদম কখনো আল্লাহর পথে ধুলো মলিন করিনি।'

নবীয়ে কারীম সা. এর এই হাদীস মুবারক তো আপনারা জেনে থাকবেন যার মাঝে তিনি বলেছেন,

أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا اغْبَرَّتْ قَدَمَا عَبْدٍ فِي سَبِيلِ اللَّهِ فَتَمَسَّهُ النَّارُ

'যে বান্দার কদম আল্লাহর পথে ধূলিমলিন হবে, তাকে আগুন স্পর্শ করতে পারেনা।' - বুখারী

আল্লাহু আকবার ! এটা এমন ইবাদত, যার শুধু ধুলা বালি আপনাকে আগুন থেকে মুক্তি দান করতে পারে। তাহলে সে ব্যক্তির মর্যাদা কেমন হবে, যে নিজের জীবন ও ধন-সম্পদ সব কিছু নিয়ে বের হয়েছে এবং সবকিছু এ পথেই কুরবানি করে দিয়েছে ?

প্রকৃত বিপদের চিন্তা করুন !

নিঃসন্দেহে জিহাদ ফী সাবীলিল্লাহ সর্বশ্রেষ্ঠ আমল। সহীহ বুখারীতে বর্ণিত হয়েছে যে, রাসূল সা. এর নিকট সর্বশ্রেষ্ঠ আমলের ব্যাপারে জিজ্ঞাসা করা হলে তিনি বললেন,

رَجُلٌ خَرَجَ يُخَاطِرُ بِنَفْسِهِ وَمَالِهِ فَلَمْ يَرْجِعْ بِشَيْءٍ

'ঐ ব্যক্তির আমল সর্বশ্রেষ্ঠ যে জিহাদ ফী সাবীলিল্লায় বের হয়ে নিজের জীবন ও ধন সম্পদকে আশংকায় ফেলে দিয়েছে এবং কোন কিছুই নিয়ে ফিরে আসেনি। -বুখারী

আজকে আমাদের অধিকাংশ ভাই আমাদেরকে বিপদ-আপদের ভয় দেখায়। কিন্তু জেনে রাখুন! প্রকৃত বিপদ তো কবরে। প্রকৃত ভয় তো জীবনের হিসাবের এবং শেষ বিচার দিনের যা নিশ্চিত প্রতিষ্ঠিত হবে! এমন যেন না হয় যে, দুনিয়ার এই বিপদ আপদ থেকে বাঁচতে গিয়ে আপনি ঐ দিনের বিপদের মাঝে পড়ে গেলেন। আপনার জীবনআয়ু শেষ হয়ে গেল। অথবা অহেতুক কথা বার্তায় আপনার মূল্যবান সময় ফুরিয়ে গেল। দীনের সাহায্য করা আপনার ভাগ্যে জুটল না।

মুনাফিকরাই পিছনে রয়ে গিয়ে ছিল

আল্লাহ তাআলা মুমিনদেরকে মুনাফিকদের বৈশিষ্টাবলীর নিকটবর্তী হতে সর্তক করেছেন। মুনাফিকদের একটি উল্যেখযোগ্য বৈশিষ্ট হল, আল্লাহর দ্বীনের সাহায্য না করে পিছনে বসে থাকা। আল্লাহ তাআলা বলেন,

﴿ وَجَاءَ الْمُعَذِّرُونَ مِنَ الْأَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ وَقَعَدَ الَّذِينَ كَذَبُوا اللَّهَ وَرَسُولَهُ ﴾

আর ছলনাকারী বেদুঈন লোকেরা এলো, যাতে তাদের অব্যাহতি লাভ হতে পারে এবং নিবৃত্ত থাকতে পারে তারা যারা আল্লাহ ও রাসূলের সাথে মিথ্যা বলে ছিল। তাদের উপর শীগ্রই আসবে বেদনাদায়ক আযাব যারা কাফের।' -সূরা তাওবা: ৯০

আল্লাহ তাআলা আমাদেরকে তাঁর এবং তার রাসূলের সাহায্য না করার অশুভ মনোভাব থেকে রক্ষা করুন। একটু ঐ আসলাফদের দিকে লক্ষ্য করুন! হযরত কা'ব রাযি. বলেন, 'বাহিনী চলে যাওয়ার পর যখন আমি শহরে বের হতাম, তখন আমাকে সব চেয়ে বেশী এই বিষয়টি পেরেশান করত যে, শহরের অলিগলিতে 'নিফাকে' নিমজ্জিত মুনাফিক এবং অপারগ লোক ছাড়া অন্য কাউকে দেখতাম না।'

এই হল আমাদের আসলাফগণ! যখন সংবাদ আসল যে, রোমানরা মুসলমানদের উপর আক্রমণের ব্যাপারে ভাবছে। তখনো ইসলামী ভূখন্ডে প্রবেশ করেনি। শুধু আক্রমণের প্রস্তুতি নিচ্ছে বলে খবর এসেছে। তখন আমাদের নেতা ও পথপ্রদর্শক মুহাম্মদ মোস্তফা সা. লোকদের মাঝে ঘোষণা দিলেন,

يا خَيْلَ اللهِ ارْكَبِي হে আল্লাহর পথের অশ্বারোহীগণ! অভিযানে বের হয়ে পড়।

তখন মুনাফিক এবং অপারগ ব্যক্তি ছাড়া কেউ বসে থাকেনি। আল্লাহর বান্দগণ! যদি তোমরা নাজাতের প্রত্যাশী হও তাহলে ঐ মহান ব্যক্তিদের অনুসরণ করো। রাসূলুল্লাহ সা. এবং তাঁর সাথীদের অনুসরণ করো! আল্লাহ তাআলার বাণী,

﴿ مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ ﴾

'মুহাম্মদ সা. হলেন আল্লাহর রাসূল, এবং যারা তাঁর সাথী তাঁরা কাফিরদের ব্যাপারে অত্যন্ত কঠোর এবং পরস্পরের প্রতি মেহেরবান, কোমল।' -সূরা আল ফাতহ: ২৯

পূর্ণ অনুসরণকেই অনুসরণ বলে, চাই সেই বিষয় আপনার পছন্দ হোক কিংবা অপছন্দ। যেমন উবাদা বিন সামিত রাযি. এর হাদীসে বর্ণিত আছে,

بَايَعْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِي الْعُسْرِ وَالْيُسْرِ وَالْمَنْشَطِ وَالْمَكْرَهِ

আমরা রাসূলুল্লাহ সা. এর কাছে এ মর্মে বাইআত করলাম যে, আমরা কথা শুনবো এবং আনুগত্য করবো চাই সচ্ছল অবস্থা হোক কিংবা অসচ্ছল অবস্থা এবং চাই (সেই বিষয়) আমাদের পছন্দ হোক কিংবা অপছন্দ। -মুসলিম

অতএব, লোকেরা জিহাদ অপছন্দ করলেও আপনার তা আদায় করা কর্তব্য। যেহেতু আপনার উপরও সে যিম্মাদারী আছে।

জিহাদ পরিত্যাগকারীর সমালোচনা করা বৈধ

রাসূল সা. যখন তাবুক পৌছলেন তখন বললেন, ما فعل كعب بن مالك ؟ কা'ব বিন মালিকের কী অবস্থা ?

রাসূল সা. যখন তার কথা উল্যেখ করলেন, তখন বনু সালামা গোত্রের একজন সাহাবী রাযি. বললেন, 'তাকে তাঁর দামী কাপড় এবং আত্মতুষ্টি বিরত রেখেছে।' সেই সাহাবী রাযি. হযরত কা'ব বিন মালিক রাযি. এর নিন্দা করলেন। কেননা তিনি এই নাযুক মুহূর্তে দ্বীনের সাহায্য থেকে পিছনে রয়ে গেছেন। উক্ত সাহাবীর দৃষ্টিতে হযরত কা'ব বিন মালিক রাযি. এর থেকে এমন ত্রুটি প্রকাশ পেয়েছে যা কোন ভাবেই ঈমানদারদের জন্য সঙ্গত নয়। তখন হযরত মুয়াজ বিন জাবাল রাযি. হযরত কা'ব বিন মালিক রাযি. এর আত্মপক্ষ অবলম্বন করে বললেন, 'তুমি অত্যন্ত মন্দ কথা বলেছ, আল্লাহর কসম! আমরা তাঁর মাঝে শুধু কল্যাণকর দিকই দেখেছি।'

হাফেজ ইবনে হাজার রহ. বনু সালামা গোত্রের সাহাবীর কথার পর্যালোচনা করে বলেন, 'আমি বলি যে, (এই কথা এ বিষয়ের দলীল যে) যে ব্যক্তি জিহাদ থেকে পিছনে বসে থাকবে তার সমালোচনা করা বৈধ হয়ে যায়। কেননা, দ্বীনের সাহায্য একটি মহান দায়ীত্ব।'

আমরা আল্লাহ তাআলার কাছে দোয়া করি, আমাদের প্রাণ এ অবস্থায় বের হোক যে, আমরা দ্বীনের সাহায্যের জিম্মাদারী আদায় করার কাজে রত এবং আমরা আমাদের মালিকের সাথে এ অবস্থায় মিলিত হই যে,তিনি আমাদের প্রতি সন্তুষ্ট!

স্বয়ং রাসূল সা. গরম সহ্য করেছেন আর আমি .....?

তখনও কথোপকথন চলছিল, ইতোমধ্যে এক সাদা পোশাক পরিহিত ব্যক্তিকে মরু প্রান্তর থেকে আসতে দেখা গেল। এ ব্যক্তি অনেক দূর থেকে আসছিল। রাসূল সা. দূর থেকে দেখেই বলেন, 'এ আবু খাইছামা হবে।'

অতপর দেখা গেল, সে আবু খাইছামা আনসারী রাযি. ই ছিলেন। তিনি বাহিনী রওয়ানা হওয়ার পর চলা শুরু করেন। এবং একাকীই এসে উপস্থিত হন। তিনি মুনাফিকদের মাঝে থাকা পছন্দ করেননি। শয়তান এই মহান সাহাবীকে বাধা প্রদানের জন্যও অনেক চেষ্টা করেছে। ইবনে হাজার রহ. ফাতহুল বারীতে আবু খাইছামা রাযি. এর ঘটনা প্রসঙ্গে কোন কোন যুদ্ধাভিযান বিশারদদের কথা বর্ণনা করেছেন যে, আবু খাইছামা রাযি. বর্ণনা করেনে, 'আমি আমার গৃহে প্রবেশ করে দেখতে পেলাম, বিছানার উপর পানির সিঞ্চন করা হয়েছে।'

আপনারা ভাল করেই জানেন যে, গরমের মৌসুমে বিছানার উপর পানির বিচ্ছুরণ কেমন আরামদায়ক অনুভূত হয়।

তিনি (আবু খাইছামা রাযি.) বলেন, 'আমি দেখলাম, বিছানায় পানির বিচ্ছুরণ রয়েছে, এরপর আমার স্ত্রীর দিকে দৃষ্টি নিবদ্ধ করলাম এবং বলে উঠলাম। আল্লাহর কসম! এটা কেমন ইনসাফ! আল্লাহর রাসূল সা. সূর্যের তাপ এবং গরম সহ্য করবেন আর আমি এখানে ছায়া ও আরাম আয়েশ ভোগ করব।'

ঈমানদারগণরে প্রতি একটু লক্ষ্য করুন! দেখুন, তারা কী সঠিক আকীদা ও মজবুত বিশ্বাসের অধিকারী ছিলেন!

সুতরাং আবু খাইছামা রাযি. নিজের বাহন এবং অল্প কিছু খেজুর নিয়ে রওয়ানা হয়ে গেলেন। এবং রাসূল সা. এর কাছে গিয়ে মিলিত হলেন।

লক্ষণীয় বিষয় হল, রাসূল সা. কী জন্য ঘর থেকে বের হয়ে ছিলেন ? তিনি কি কালিমার সাহয্যের জন্য বের হননি ? তাহলে আজকে আমাদের কি হয়ে গেল যে, আমরা ঐ কালিমার সাহায্য ছেড়ে পিছনে বসে রয়েছি। এবং ধারনা করছি যে, আমরা এই কালিমার সাহায্যের হক আদায় করে ফেলেছি। অথচ এই কালিমার শাসন আজ দুনিয়া থেকে মুছে গেছে। ولا حول ولا قوة إلا بالله

ما خلّفك তোমাকে কোন জিনিস পিছনে রেখেছে ?

এখানে আমরা কা'ব রাযি. এর হাদীসের কিছু শিক্ষনীয় বিষয়ের উপর চিন্তা ফিকির করবো কেননা, এ মুহূর্তে হাদীসের সকল শিক্ষনীয় বিষয়ের উপর আলোচনা করা আমাদের জন্য সম্ভব নয়। ইমাম নববী রহ. ইবনে হাজার রহ. এবং অন্যান্য হাদীস ব্যাখ্যাকারগণ এই হাদীসের উপর পূর্বেই যথেষ্ট আলোচনা করেছেন।

হযরত কা'ব রাযি. বলেন,'যখন রাসূল সা. প্রত্যাবর্তন করলেন তখন আমি অত্যন্ত দুঃখ ও প্রচন্ড চিন্তায় পড়ে গেলাম এবং ভাবতে লাগলাম যে, আমি নবী সা. এর কাছে কী বলবো ? যখন আমি হুযুর সা. এর দরবারে উপস্থিত হলাম তখন নবী করীম সা. চেহারায় রাগ নিয়ে মুচকি হাসলেন।'

রাসূল সা. হযরত কা'ব রাযি. এর প্রতি রাগান্বিত ছিলেন। ইবনে হাজার রহ. কতিপয় যুদ্ধাভিযান বিশারদদের কথা বর্ণনা করেছেন যে, হযরত কা'ব রাযি. বলেন, রাসূল সা. আমার থেকে মুখ ফিরিয়ে নিলেন তখন আমি আরজ করলাম, ইয়া রাসূলাল্লাহ ! আপনি আমার থেকে কেন মুখ ফিরিয়ে নিচ্ছেন ? আল্লাহর কসম ! আমি তো মুনাফিক নই, সন্দেহের মধ্যে পড়িনি এবং আমার অবস্থার মাঝেও কোন পরিবর্তন আসেনি।

দ্বীনের সাহায্যকে ছেড়ে দেওয়া কোন ছোট ব্যাপার ছিল না। হযরত কা'ব রাযি. এর এ কথার উপর রাসূল সা. কম্পন সৃষ্টিকারী একটি কঠিন প্রশ্ন ছুড়ে দিলেন, ؟ ما خلّفك কোন জিনিস তোমাকে পিছিয়ে রেখেছে ?

এ প্রশ্নটি আজও জিহাদ পরিত্যাগকারীদের করা চাই যে؟ ما خلّفك'তোমাদেরকে কোন জিনিস পিছনে বসিয়ে রেখেছে?' আমরা আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার নিকট প্রার্থনা করি, তিনি আমাদের আলেমদের বক্ষকে এই বিয়য়টির জন্য উন্মুক্ত করে দিন। তারা যেন আমাদের আসলাফদের সীরাত থেকে সবক গ্রহণ করেন এবং উম্মাহকে জিহাদ ফরজে আইন হওয়ার ফতওয়া দেন !

উলামায়ে সালাফ সকলে এ বিষয়ে একমত যে, জিহাদ কোন কোন পরিস্থিতি তে ফরজে আইন হয়ে যায়। যার মধ্যে প্রথম পরিস্থিতি হল, শত্রুদের ইসলামী ভূখন্ডে প্রবেশ করা। অথচ আজকে শত্রুরা ইসলামী ভূখন্ডে প্রবেশ করেছে কয়েক দশক হয়ে গেছে, ! ولا حول ولا قوة إلا بالله

দীনের সাহায্য কে করবে? যদি আমরা প্রত্যেকেই ওজর পেশ করে বসে থাকি, তাহলে এ মহান দায়িত্ব কে আঞ্জাম দিবে ? আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার দ্বীনের উপর কি এভাবেই হামলা হতে থাকবে আর আমরা হামলার জবাব না দিয়ে বসে থাকবো? আমাদের কর্তব্য হলো, নিজেদের ত্রুটি বিচ্যুতি থেকে আমরা ফিরে আসবো এবং আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার অনুগ্রহে হক্বকে প্রতিষ্ঠিত করেই তবে ক্ষ্যান্ত হব।

ভুলের ক্ষেত্রে মুমিনের রীতি গোড়ামী বা অহেতুক বাক্য খরচ নয়, বরং ভুল স্বীকার করে নেয়া।

হযরত কা'ব রাযি. এর স্বীয় ত্রুটি স্পষ্ট ভাবে স্বীকারোক্তির মাঝে জ্ঞানী লোকদের জন্য শিক্ষণীয় অনেক বিষয় রয়েছে। তিনি বলেন, 'ইয়া রাসূলাল্লাহ ! আল্লাহর কসম ! আমি যদি আপনার (সা.) পরিবর্তে দুনিয়ার অন্য কোন ব্যক্তির সামনে বসতাম তাহলে আমি কোন ওজর পেশ করে তাঁর ক্রোধ থেকে বেচে যেতাম, কেননা, আমি বাকবিতন্ডায় বেশ পটু।'

আজকেও অসংখ্য লোক দলীল প্রমাণহীন আলোচনা করার অনেক দক্ষতা রাখে। কিতাবুল্লাহ এবং রাসূল সা. এর সুন্নাহর স্পষ্ট ভাষ্যকে আসল ও সঠিক অর্থ থেকে সরিয়ে দেয়। আর বলে, এখনোও জিহাদের সময় আসেনি। আমি জিজ্ঞাসা করি, যদি এখনও সময় না আসে তাহলে কবে আসবে? ইসলামী রাষ্ট্র স্পেন আমাদের হাত ছাড়া হওয়ার পাঁচ শতাব্দীর বেশী হয়েছে। তবুও কি তা উদ্ধার করার সময় আসেনি। মূলত এসব লোক সর্বদা স্পষ্ট আয়াত ও হাদীসকে অস্পষ্ট অর্থের দিকে ফিরিয়ে বলে, এখনো জিহাদের সময় আসেনি।

জিহাদের লক্ষ্য উদ্দেশ্য

তবে কি জিহাদের এসব আয়াত এবং বিধি বিধান এজন্য অবতীর্ণ হয়ে ছিল যে, এগুলোকে তার আসল ও সঠিক অর্থ থেকে সরিয়ে অস্পষ্ট এবং অর্থহীন করে দেয়া হবে ? এটা তো সেই মহান ইবাদত যার মাধ্যমে সত্য পথ থেকে বিচ্যুত লোকদেরকে স্বীয় রবের ইবাদতে ফিরিয়ে আনা হবে। যেমন সহীহাইনের বর্ণনা রয়েছে,

أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ

'আমাকে নির্দেশ করা হয়েছে যে, আমি লোকদের সাথে যুদ্ধ করতে থাকব যতক্ষণ না তারা সাক্ষ্য দেয় যে, আল্লাহ ছাড়া কোন মাবুদ নাই এবং মুহাম্মদ সা. আল্লাহর রাসূল এবং সালাত প্রতিষ্ঠা করবে এবং যাকাত প্রদান করবে।' -বুখারী

যেখানে রাসূল সা. রবের ইবাদত ব্যাপক করার জন্য কিতালের নির্দেশ দেয়া হয়েছিল। সেখানে আমরা কিভাবে রাসূল সা. এর এ কর্মপদ্ধতি ছেড়ে দিয়ে লোকদেরকে ইবাদতের দিকে নিয়ে

আসবো?! বিশেষ করে যখন ইসলামী ভূখন্ডগুলোতে চলছে নাস্তিকতার সয়লাব। এবং প্রকাশ্যে অস্বীকার করা হচ্ছে আল্লাহ এবং তাঁর রাসূল সা. কে। ! ولا حول ولا قوة إلا بالله

সুতরাং এসব ব্যাপারে তর্ক বিতর্ক থেকে বিরত থাকুন এবং মানুষকে আপন অবস্থায় ছেড়ে দিয়ে সেসব আসলাফদের অনুসরন করা উচিৎ যাদের নেতা ও সর্দার স্বয়ং রাসূল সা.।

নিজের ভুল স্বীকার প্রভুর ক্রোধ থেকে বাঁচার উপায়

হযরত কা'ব রাযি. বলেন, 'হে আল্লাহর রাসূল ! আল্লাহর কসম ! যদি আমি আপনাকে ছাড়া অন্য কারো সামনে বসতাম তবে কোন ওজর পেশ করে তার ক্রোধ থেকে বেচে যেতাম। কেননা আমি কথাবার্তায় বেশ পটু। কিন্তু আল্লাহর শপথ! আমি জানি, যদি কোন মিথ্যা বলে দেই এবং আপনাকে সন্তুষ্ট করেদেইও, তবে আল্লাহ তাআলা আপনাকে (সা.) অচিরেই আমার ব্যাপারে জানিয়ে দিবেন।'

আজকে যখন আপনার কাছে আপনার কোন ভাই জিজ্ঞেস করে যে, তুমি কেন জিহাদে বের হচ্ছনা। তখন আপনার নফস আপনাকে ধোকায় ফেলে দেয় এবং আপনি নিজের ভুল স্বীকারের পরিবর্তে সেই ভাইকে মিথ্যা বাহানা শুনিয়ে শুনিয়ে শান্ত করেন। কিন্তু আল্লাহ তাআলা ক্রোধের কারণে জনসাধারণকে আপনার ব্যাপারে অসন্তুষ্ট করে দিবেন এবং নিশ্চয়ই তিনি সকল কিছুর উপর ক্ষমতাবান।

হযরত কা'ব রাযি. বলেন, 'যদি আমি রাসূল সা. কে মিথ্যা বলে দেই। এবং তিনি ঐ সময় আমার প্রতি সন্তুষ্ট হয়ে যান। কিন্তু অচিরেই আল্লাহ তাআলা নবী কারীম সা.কে আমার ব্যাপারে অসন্তুষ্টি করে দিবেন। আর যদি নবী কারীম সা. এর কাছে সত্য বলার কারণে তিনি আমার প্রতি অসন্তুষ্ট হন, সেক্ষেত্রে আমার আশা হল যে, আল্লাহ তাআলা এর পরিণাম ভাল করে দিবেন।'

সত্যবাদী উলামাদের কর্মরীতি

আজ থেকে প্রায় বিশ বৎসর পূর্বের কথা, যখন আমি আমাদের আলেম এবং মাশাইখগণের খিদমতে উপস্থিত হয়ে তাদেরকে জিহাদে বের হওয়ার দাওয়াত দিতাম। সেই সময় রুশদের বিরুদ্ধে জিহাদের সূচনা হয়ে গিয়েছিল। সেসব আলেমদের মধ্যে অনেকেই এমন ছিলেন যারা জবাবে অসংখ্য ওজর-আপত্তি পেশ করত। তাদের মধ্যে অতি অল্প সংখ্যক এমন লোক ছিলেন যারা হযরত কা'ব বিন মালিক রাযি. এর মানহাজ-রীতির নিকটবর্তী ছিলেন। আমি অধিকাংশ সময় তাঁদের কতকের এ বাক্য বর্ণনা করে থাকি, 'হে উসামা ! আল্লাহর প্রদত্ত পূণ্যময় এ পথে অবিচল থাকবে! যে পথে তুমি চলছো হকের পথ এবং সঠিক পথ। আমাদের ব্যাপার হলো, আমরা কখনো এ পথে চলে দেখিনি। এজন্যই এই পথকে ভয় পাই, কিন্তু আমরা কখনো তার বিরোধিতা করি না এবং সর্বদাই মানুষ অজানা বিষয়কে ভয় করে থাকে।'

মূলত এই উলামায়ে কেরামগণ জিহাদের ইবাদতের সাথে একেবারে অপরিচিত ছিলেন। কেননা ঐ সময়কাল অনেক দীর্ঘ হয়ে গেছে এজন্যই সমাজে জিহাদকারী লোকের খুব অভাব ছিল।

ভুল স্বীকার

অতপর হযরত কা'ব রাযি. বলেন, 'আল্লাহর কসম ! আমার কোন ওজর ছিলনা।'

তিনি আল্লাহর কসম করে বলছেন, তার কোন ওজর ছিলনা। আজও যারা কা'ব রাযি. এর মানহাজ ও নীতির নিকটবর্তী, তারা ওজর পেশ করার পরিবর্তে নিজের দুর্বলতা স্পষ্টভাবে স্বীকার করেন।

তিনি বলেন, 'আল্লাহর কসম ! আমার কোন ওজর ছিলনা। আল্লাহর কসম! আমি ইতপূর্বে কখনই এত পরিমান সম্পদের অধিকারী ও শক্তিশালী ছিলাম না যখন আপনার (সা.) থেকে পিছনে রয়ে গিয়েছিলাম।'

রাসূল সা. বললেন, اما هذا فقد صدق 'যতদূর বুঝি! সে সম্পূর্ণ সত্য বলেছে।'

নফস তো মিথ্যার উপর উৎসাহিত করে থাকে–

হযরত কা'ব বিন মালিক রাযি. এর উপর আল্লাহর বিশেষ অনুগ্রহ যে, তিনি সত্য বলার উপর দৃঢ় প্রতিজ্ঞা করেছিলেন।

কিন্তু তিনি নিজেই বলেন, যখন রাসূল সা. এর জিহাদের ময়দান থেকে ফিরে আসার সংবাদ পেলাম, তখন 'আমি বিভিন্ন ধরনের মিথ্যা বানাতে শুরু করে দিয়ে ছিলাম।'

হযরত কা'ব রাযি. এর স্বীকারোক্তি মানবাত্মার স্বভাব জানার ক্ষেত্রে গুরুত্ব পূর্ণ ভূমিকা রাখে। আজকাল অধিকাংশ লোকের অবস্থা এই যে, তারা অন্যদের সামনে নিষ্পাপ সেজে বলে, আপনি প্রকৃত ব্যাপার জানেন না ! আমার ব্যাপার জিহাদ থেকে পলায়ন নয় ! বরং বাস্তবে যদি এ সময়ে জিহাদের গুরুত্ব থাকত তাহলে আমি অবশ্যই বেরিয়ে পড়তাম।

এই মহান সাহাবী যিনি অগ্রগামী সাহাবীদের অন্তর্ভুক্ত ছিলেন। সহীহাইনের উক্ত হাদীসে তাকে স্পষ্টভাবে এ স্বীকার করতে দেখা যায় যে, তিনিও সেই নফসানী আকর্ষণের মধ্যে পড়ে গিয়েছিলেন। তাহলে আজকে আমাদের মত লোকদের অবস্থা কেমন হবে মানুষকে ঘায়েল করার জন্য নফসের অনেক অস্ত্র আছে। আর শয়তান তো বনী আদমের রগরেষায় চলাচল করে। আল্লাহ তাআলা আমাদেরকে তার অনিষ্ট থেকে তাঁর আশ্রয়ে রাখেন ! কিন্তু আল্লাহ তাআলার তাওফীকে হযরত কা'ব সততার প্রতিজ্ঞা করেছেন। যা পরিশেষে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার অনুগ্রহে তাঁর মুক্তির উপায় হয়েছে। যার আলোচনা আমরা ইনশাআল্লাহ সামনে করব।

সত্য পথের একটি বড় বাঁধা সামাজিক চাপ

হযরত কা'ব রাযি. বলেন যে, 'যখন আমি রাসূলের কাছ থেকে বের হলাম তখন আমার গোত্র বনু সালামার কিছু লোক এসে আমাকে তিরস্কার করতে লাগল।' তারা তাঁকে এ বলে তিরস্কার করছিল, তুমি ভুল স্বীকার করতে গেলে কেন? যদি তুমি কোন ওজর পেশ করতে তাহলে তোমার জন্য আল্লাহর রাসূলের ক্ষমা প্রার্থনা করাই যথেষ্ঠ হয়ে যেত।

তিনি বলেন, 'তারা আমাকে ক্রমাগত তিরস্কার করছিল, এমনকি এক পর্যায়ে আমি ইরাদা করে ফেললাম যে, দ্বিতীয় বার নবী সা. এর খিদমতে উপস্থিত হয়ে নিজের পিছনের কথাকে মিথ্যা সাব্যস্ত করব।'

চিন্তা করুন ! মানবীয় আত্মার এই স্বভাবজাত দুর্বলতা একজন সাহাবীর এখানেও স্থান করে নিয়েছে। সমাজ, পরিবার-পরিজন এবং আশ-পাশের চাপ এত কঠিন হয়ে থাকে যে, কখনো কখনো সাহাবায়ে কেরাম রাযি. এর মত নির্বাচিত ব্যক্তিগণও সাময়িক ভাবে এর দ্বারা প্রভাবিত হতে পারে। সুতরাং ভাবা যেতে পারে যে, বর্তমানে এ চাপ কত কঠিন হবে যখন পরিস্থিতি একেবারে পাল্টে গেছে। লোকদের অধিকাংশই জিহাদ থেকে পশ্চাতে বসে আছে। তবে এ পরিস্থিতিতেও একটি দল এমন আছে যাদেরকে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা তাঁর রাহে জিহাদের তাওফীক দান করেছেন। এটা আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার দয়া ও অনুগ্রহ। আমরা আল্লাহ তাআলার কাছে দোয়া করি, তিনি আমাদের অবিচলতা দান করুন এবং এই নিয়ামত দানে সৌভাগ্য মন্ডিত করুন। এমনকি যখন আমরা আমাদের মালিকের সাথে মিলিত হবো তখন তিনি আমাদের প্রতি যেন সন্তুষ্ট থাকেন।

হযরত কা'ব রাযি. এর অবশিষ্ট দুই সাথীর আচরণ

হযরত কা'ব রাযি. বলেন, অতপর আমি তাদেরকে জিজ্ঞেস করলাম, অন্য কারো সাথেও কি এমন আচরণ হয়েছে যা আমার সাথে হয়েছে ?

তখন তারা বলল, 'হ্যাঁ ! তোমার সাথে আরো দুজন লোক রয়েছে। তারাও তেমনি বলেছে যা তুমি বলেছ, ফলে তাদের তা-ই বলা হয়েছে যা তোমাকে বলা হয়েছে।'

তিনি বলেন, 'তারা দু'জন মুরারা ইবনে রাবী রাযি. এবং হিলাল ইবনে উমাইয়া রাযি.। যারা সত্যবাদী মুমিনদের অন্তর্ভুক্ত ছিলেন এবং বদর যুদ্ধে শরীক ছিলেন। এটা শুনে আমি প্রশান্তি লাভ করলাম এবং আমি আমার পূর্বের অবস্থানে অবিচল রইলাম।'

শুধুমাত্র একটি যুদ্ধে না যাওয়ার কারণে সম্পর্ক ছিন্ন

অতপর সম্পর্ক ছিন্ন এবং পরস্পর বিচ্ছিন্ন হওয়ার নির্দেশও এসে গেল। শুধু একটিবার দীনের সাহায্য ত্যাগ করার কারণে। তিনি বলেন, 'আমার জন্য সমগ্র পৃথিবী সম্পূর্ণ পাল্টে গেল, এটা আর সেই পৃথিবী থাকল না যাকে আমি চিনতাম। এবং আমার নিজ সত্তা পর্যন্ত আমার জন্য অপরিচিত হয়ে গেল।'

আল্লাহর বান্দারা ! একটু ভবুন ! এই জিহাদ পরিত্যাগ করার জন্য কে তাঁর থেকে সম্পর্ক ছিন্ন করছে ? মানবকুল সর্দার, রাসূলুল্লাহ সা. যদি কারো প্রতি অসন্তুষ্ট হয়ে যান তাহলে আসমান যমীনের মালিকও তার উপর অসন্তুষ্ট হয়ে যান। এটা কত গুরুতর ব্যাপার !

জনবল বৃদ্ধি নয়, ফরজ আদায়ই কাম্য

ত্রিশ হাজারের বাহিনী থেকে মাত্র তিনজন পশ্চাতে থেকে যাওয়ায় কি জনবলের দিক থেকে কোন পার্থক্য সৃষ্টি করে ? কিন্তু কথা আসলে অন্তরাত্মার, প্রকৃত ব্যাপর ঈমানের ! এ অন্তর কিভাবে দীনের সাহায্য ছেড়ে বসে থাকতে প্রস্তুত হয়ে গেল? তাদের পিছনে থেকে যাওয়া বাহিনীতে কোন প্রভাব ফেলবে কিনা, সেটা কোন বিষয় নয়।

প্রকৃত ব্যাপার এই যে, আল্লাহ তাআলা আপনার উপর একটি অতি গুরুত্ব পূর্ণ আমানাত এবং ফরজ বিধান আরোপ করেছেন যা আদায় করা আপনার অবশ্য কর্তব্য।

সুতরাং তাঁর থেকে সম্পর্ক ছিন্নের নির্দেশ এসে গেল এবং পৃথিবী তার জন্য পাল্টে গেল, এমনকি আপন সত্তাও তাঁর কাছে অপরিচিত হয়ে গেল।

তিনি বলেন, 'আমার থেকে যখন মুসলমানদের সম্পর্ক ছিন্নের ব্যাপারটি দীর্ঘ হয়ে গেল তখন গাসসানের বাদশাহর পক্ষ থেকে এক দূত আমার কাছে এল।'

আপনারা হয়তো জেনে থাকবেন, গাসসানবাসীরা কাইলা বংশোদ্ভূত, বনী আউস, খাজরাজ এবং তাদের মাঝে বংশীয় সম্পর্ক ছিল। করণ, তাদের মা এক ও অভিন্ন ছিল। সুতরাং গাসসান বাসীদের পর্যন্ত সংবাদ পৌছে গেলে, তাদের বাদশাহ এই সংবাদ পাঠাল, 'আপনি আমাদের কাছে চলে আসুন। আমরা সম্পদ দিয়ে আপনার সহযোগীতা করব। লাঞ্চনা ও অপমানের ভূমি ছেড়ে আমাদের কাছে চলে আসুন।' তিনি বলেন, 'কাফের মুশরিকরাও আমার ব্যাপারে ঘৃণ্য আশা করতে শুরু করেছিল।

জিহাদ পরিত্যাগকারীদের অবস্থা এমনি হয়ে থাকে। ঘাতক শাসকবর্গ ও আমলারাও তাদের কাছে মন্দ আশা করে। দীনের সাহায্য থেকে তাদেরকে আরো দূরে সরিয়ে নিয়ে যায়। যেমন আল্লাহ তাআলা বলেন,

وَلَا تَرْكَنُوا إِلَى الَّذِينَ ظَلَمُوا فَتَمَسَّكُمُ النَّارُ

তোমরা জালেমদের প্রতি ঝুকে পড় না। নতুবা তোমাদেরকে আগুন স্পর্শ করবে। -সুরা হুদ: **১১৩**

তিনি বলেন, আমি গাসসান বাদশাহর সেই পত্র চুলায় নিক্ষেপ করলাম।

ঈমান ও জিহাদের গভীর সম্পর্ক

যখন পরিস্থিতি তাঁর উপর সংকীর্ণ হয়ে গেল সেই সময়ের কথা বলেন, আমি আমার চাচাত ভাই আবু কাতাদা রাযি. এর বাগানে দেয়াল টপকে প্রবেশ করলাম। তিনি আমার সবচেয়ে প্রিয় মানুষ ছিলেন। আমি তাকে বললাম, হে আবু কাতাদা ! আমি তোমাকে আল্লাহর কসম দিয়ে জিজ্ঞেস করছি, তুমি কি জাননা যে, আমি আল্লাহ ও তাঁর রাসূল সা.কে ভালবাসি ?

আল্লাহর বান্দারা! একটু ঈমান এবং জিহাদের পারস্পরিক সম্পর্কের ব্যাপারে চিন্তা করুন।

পৃথিবী তাঁর উপর সংকীর্ণ হয়ে গেল। নিজেকে তাঁর অপরিচিত মনে হল। এখন নিজের চাচাত ভাইয়ের পক্ষ থেকেও বিমুখতা প্রদর্শন। এমনিতেই যখন সর্বশ্রেষ্ঠ মানব রাসূল সা. তার থেকে সম্পর্ক ছিন্ন করে নিয়েছেন, তখন কিভাবে সম্ভব যে, পৃথিবী তার জন্য প্রশস্ত থাকবে ? কিভাবে তাঁর আত্মা নিশ্চিন্ত থাকবে ?

তিনি চাচ্ছিলেন, আল্লাহ এবং তাঁর রাসূল সা. এর ভালবাসার ব্যাপারে নিশ্চয়তা লাভ করবেন। এজন্য তিনি আবু কাতাদা রাযি. কে বললেন, হে আবু কাতাদা! আমি তোমাকে আল্লাহর কসম দিয়ে জিজ্ঞেস করছি, তুমি কি জাননা, আমি আল্লাহ ও তার রাসূল সা. কে ভালবাসি ?

জিহাদ পরিত্যাগের পর ভালবাসার দাবীও সন্দেহ পূর্ণ

আল্লাহু আকবার! দীনের সাহায্য ছেড়ে পশ্চাতে বসে থাকা কত বড় অপরাধ। একটু চিন্তা করুন ! আমাদের অন্তরের নূর কি لا إله إلا الله এর কারণে নয় ? এটা কিভাবে সম্ভব হতে পারে যে, আমরা দীনের সাহায্য ছেড়ে মহিলাদের সাথে বসে থাকবো। আবার এ কল্পনাও করতে থাকবো যে, আমরা আল্লাহ ও তাঁর রাসূল সা.কে ভালবাসি ? হযরত কা'ব রাযি. বলেন, 'তিনি আমাকে কোন জবাব দিলেন না।'

কেননা, সম্পর্ক ছিন্নের ঘোষণা ছিল। সম্পর্ক ছিন্নের ব্যাপার এত কঠিন ছিল যে, তিনি এই ঘটনার শুরুতে বলেন, 'আমি তাকে সালাম দিলাম কিন্তু তিনি আমার সালামের জবাব পর্যন্ত দিলেন না।'

অথচ তিনি তাঁর নিকট সবচেয়ে প্রিয় ব্যক্তি ছিলেন। কিন্তু আল্লাহর সাহায্য ত্যাগকারীর উপর শাস্তি বাস্তবায়নকারী নির্দেশকে তিনি গুরুত্ব দিয়েছেন। অবশ্য এরপরে আল্লাহ তাআলা তাদেরকে স্বীয় রহমত দ্বারা ঢেকে নিয়েছেন। তাদের তাওবা কবুল করেছেন এবং তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন। হযরত কা'ব রাযি. বলেন, 'আমি তাকে দ্বিতীয় বার কসম দিয়ে জিজ্ঞেস করলাম। আমি আল্লাহ এবং তাঁর রাসূল সা.কে ভালবাসি ? তিনি তখনও কোন জবাব দিলেন না। অতপর আমি তৃতীয় বার কসম দিয়ে জিজ্ঞেস করলাম, তুমি কি জাননা, আমি আল্লাহ ও তাঁর রাসূল সা.কে ভালবাসি ? তখন তিনি জবাব দিলেন, 'আল্লাহ এবং তাঁর রাসূল সা.ই ভাল জানেন।' হযরত কা'ব রাযি. বলেন যে, 'একথা শুনে আমি সেখান থেকে ফিরে এলাম আর আমার চোখ থেকে অশ্রু ঝরছিল।'

তিনি কান্না শুরু করলেন। কারণ, মানুষের সবচেয়ে মূল্যবান সম্পদ হচ্ছে আল্লাহ ও তাঁর রাসূলের (সা.) প্রতি ঈমান এবং তাঁদের ভালবাসা। অথচ এ ব্যাপারে তাঁর সবচেয়ে ঘনিষ্ঠ সাথীও সত্যায়ন করতে অস্বীকার করল। তাহলে আর কী মূল্য থাকে এ জীবনের ? হযরত আবু কাতাদা রাযি. হযরত কা'ব রাযি. এর কথাকে না সত্যায়ন করলেন না অস্বীকার করলেন। বরং বললেন, 'আল্লাহ এবং তাঁর রাসূল সা.ই ভাল জানেন।'

স্ত্রীদের থেকে আলাদা হওয়ার নির্দেশ এবং হযরত কা'ব রাযি. এর অনুপম আনুগত্য

এরপর হযরত কা'ব রাযি. বলেন, যখন আমাদের উপর এ বয়কট অবস্থার চল্লিশ দিন অতিবাহিত হয়ে গেল তখন রাসূল সা. এর বার্তাবাহক এসে বলল, 'আল্লাহর রাসূল সা. তোমাদের নির্দেশ দিচ্ছেন যে, তোমরা তোমাদের বিবিদের থেকে আলাদা হয়ে যাও ! '

আল্লাহর বান্দাগণ! চিন্তা করুন ! দুনিয়াবী দৃষ্টিকোণ থেকে মানুষের সবচেয়ে প্রিয় বস্তু তার ঘর এবং তার স্ত্রী হয়ে থাকে। এখন তাঁর জীবন সঙ্গীনী স্ত্রী থেকেও আলাদা হওয়ার নির্দেশ এসে গেল। কিন্তু এ কঠিন নির্দেশের সামনে হযরত কা'ব রাযি. এর মাথা ঝুকিয়ে দেয়া এ বাস্তবতা স্পষ্ট করে যে, জীবিত আত্মার উপর যদি কখনও উদাসীনতার পর্দাও পড়ে যায় তখন সাথে সাথে তার স্মৃতি জেগে উঠে এবং সে সত্যের দিকে ফিরে আসে। দীনের সাহায্যকে পরিত্যাগের অপরাধবোধ তীব্রভাবে অনুভব করতে থাকে। সুতরাং হযরত কা'ব রাযি. আগ বাড়িয়ে জিজ্ঞেস করলেন, তালাক দিয়ে দিব

না কি করব ? অর্থাৎ, তিনি আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার সন্তুষ্টির জন্য নিজের স্ত্রীকে তালাক দেয়ার জন্য প্রস্তুত ছিলেন। বার্তা বাহক জবাব দিল, 'না ! তার নিকটে যাওয়ার অনুমতি নেই।'

সুতরাং হযরত কা'ব রাযি তাঁর স্ত্রীকে বললেন, 'তুমি তোমার পরিবারের নিকট চলে যাও, যতক্ষণ না আল্লাহ তাআলা আমাদের এ ব্যাপারে কোন ফায়সালা করে দেন।'

আল্লাহ তাআলার কালাম এবং তাঁর রাসূলের (সা.) মুবারক সুন্নাতের ভিত্তিতেই আমরা নিজেদের স্ত্রীদেরকে হালাল জেনেছি। আমাদের রব তাদেরকে আমাদের জন্য সৃষ্টি করেছেন। যেমন মহান আল্লাহ তাআলার বাণী,

﴿وَمِنْ آيَاتِهِ أَنْ خَلَقَ لَكُم مِّنْ أَنفُسِكُمْ أَزْوَاجًا لِّتَسْكُنُوا إِلَيْهَا﴾

'এবং তাঁর নিদর্শনাবলী থেকে একটি এই যে, তিনি তোমাদের জন্য তোমাদের থেকেই স্ত্রীদের সৃষ্টি করেছেন। যাতে তোমরা তাদের নিকট শান্তিতে থাকতে পারো।' -সূরা রুম-২১

